



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ <sup>৬২০১/১৭</sup> /রাজবাড়ী-২৬/

তারিখঃ ১১.০৪.২০১৯খ্রিঃ

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী জেলার সদর উপজেলাধীন চরশ্যামনগর দাখিল মাদ্রাসার সুপার জনাব মোহাম্মদ কামরুজ্জামান এর বিরুদ্ধে উক্ত মাদ্রাসার শিক্ষক, কর্মচারী ও এলাকার জনসাধারণ কর্তৃক বিভিন্ন অনিয়ম, অর্থ আত্মসাৎ এবং নৈতিক চরিত্র অবক্ষয় উল্লেখ করে সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর, রাজবাড়ী বরাবর অভিযোগ দাখিল করেন।

উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর, রাজবাড়ী অভিযোগের বিষয়টি তদন্ত করে, তদন্ত প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার রাজবাড়ী সদর বরাবর প্রেরণ করেন। প্রতিবেদনে সুপার মোহাম্মদ কামরুজ্জামানের মাদ্রাসা পরিচালনায় অনিয়ম, দুর্নীতি, শিক্ষকদের নিকট হতে অর্থ গ্রহণ ও তা ফেরত না দেয়া, মাদকাসক্ত হওয়া, পতিতালয়ে গমন এবং নৈতিক চরিত্রের অবক্ষয়ের অভিযোগ সমূহ সত্য মর্মে উল্লেখ করেন। তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্য প্রমাণের প্রেক্ষিতে আনিত অভিযোগ সমূহের সত্যতা প্রমাণিত হয়েছে মর্মে জেলা প্রশাসক, রাজবাড়ী সুপার জনাব মোহাম্মদ কামরুজ্জামান এর এমপিও বন্ধের সুপারিশ সহ বিভাগীয় শাস্তি ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/রাজবাড়ী-২৬/৩১৬৮/৭; তারিখ: ১০/১২/২০১৮ এর আলোকে সুপার জনাব মোহাম্মদ কামরুজ্জামান যে জবাব বোর্ডে প্রেরণ করেছেন তা সন্তোষজনক নয়। তাই সুপারের এমপিও বন্ধের সুপারিশসহ কেন বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তা পত্র প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে সুস্পষ্ট লিখিত জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, চরশ্যামনগর দাখিল মাদ্রাসার।  
ডাকঘর: খলিলপুর বাজার, উপজেলা: সদর, জেলা: রাজবাড়ী।

নং-বামাশিবো/প্রশাসন/ /রাজবাড়ী-২৬/

তারিখঃ ০৪.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, রাজবাড়ী।
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর, রাজবাড়ী।
৩. জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, রাজবাড়ী।
৫. সভাপতি, চরশ্যামনগর দাখিল মাদ্রাসার।  
ডাকঘর: খলিলপুর বাজার, উপজেলা: সদর, জেলা: রাজবাড়ী।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪